উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা- পটিয়া, জেলা- চট্টগ্রাম

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, পটিয়া, চট্টগ্রাম

সমন্বয়ে

ঘরনী

GHARONI

জুলাই ২০১৪

সার্বিক সহযোগীতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি -২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

মুখবন্ধ

বাংলাদেশ একটি দুর্যোগ প্রবন দেশ। সারাবিশ্বে এই দেশটি জলবায়ু পরিবর্তনজনিত নানাবিধ দুর্যোগে সবচেয়ে বেশী ঝুঁকিপূর্ণ দেশ সমূহের অন্তর্ভুক্ত হিসাবে বিবেচিত হয়ে আসছে। সাম্প্রতিকালে বাংলাদেশে দুর্যোগের মাত্রা এবং ক্ষয়ক্ষতির ব্যাপকতা ক্রমশ বাড়ছে। বাংলাদেশে বড় আকারের দুর্যোগ যেমন, বন্যা, ঘূর্ণিঝড়, প্ল্যাবন, জলোচ্ছাস, খরা, কালবৈশাখী ঝড়, নদী ভাঙ্গন এবং ভূমি ধবসের মত দুর্যোগগুলো পূনপৌনিকভাবে ঘটছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাই বিষয়টির প্রতি যথাযথ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় কার্যক্রম হাতে নিয়েছে। সরকার দুর্যোগের বিষয়টি গুরুত্ব বিবেচনা করে 'সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী' নামে একটি কর্মসূচী বাস্তবায়ন করেছে। সেই কর্মসূচীর আওতায় বাংলাদেশে দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তন অভিযোজন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় পর্যায় থেকে শুরু করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে।

স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রস্তুতি এবং সাড়া দানের প্রক্রিয়াকে শক্তিশালী করার বিধান দুর্যোগ বিষয়ে স্থায়ী আদেশ সমূহে বর্ণিত আছে। এতে স্থানীয় পর্যায়ে দুর্যোগের ঝুঁকি হ্রাস করা ও অভিযোজন প্রক্রিয়াকে কার্যকরী করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উপর অধিক জোর দেয়া হয়েছে।

সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর আওতায় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য পদক্ষেপ নেয়া হয়েছে। এর অংশ হিসাবে চট্টগ্রাম জেলার ঝুঁকিপূর্ণ উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য 'ঘরনী' নামক এনজিও কে দায়িত্ব দেয়া হয়েছে।

উক্ত এনজিও টি উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে এবং নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করে। বিশেষ করে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সমন্বয় করে এই পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

আমার বিশ্বাস, এক্ষেত্রে যথাযথ ভাবে সকল প্রক্রিয়া সম্পাদন করা হয়েছে এবং সকলের সাথে আলাপ আলোচনার ফলশ্রুতি হিসাবে একটি বাস্তবভিত্তিক পরিকল্পনা তৈরী করা হয়েছে।

আমি একাজে জড়িত সকল পক্ষ বিশেষ করে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য, 'ঘরনী' এনজিও এবং অন্যান্য সকল পক্ষকে এই জটিল কাজটি সুচারুভাবে সম্পাদনের জন্য ধন্যবাদ জানাই।

আমি আশা করি, অত্র উপজেলায় গৃহীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি বাস্তবায়িত হলে অত্র উপজেলায় দুর্যোগের ঝুঁকি বহুলাংশে হ্রাস পাবে এবং জলবায়ু পরিবর্তনের অভিযোজন কার্যক্রম যথেষ্ট শক্তিশালী হবে।

১৫.৫.২৪
উপজেলা নির্বাহী অফিসার
পটিয়া, চট্টগ্রাম।

তারিখঃ

সূচীপত্র

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	**পৃষ্ঠা নং -**
১.১ পটভূমি	৪
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	৪
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	৪
১.৩.১ জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান	৫
১.৩.২ আয়তন	৫
১.৩.৩ জনসংখ্যা	৬
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ননা	৭
১.৪.১ অবকাঠামো	৭
১.৪.২ সামাজিক সম্পদ	১৬
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	৩৮
১.৪.৪ অন্যান্য	৩৯
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	৪৫
২.২ জেলা/উপজেলার আপদ সমুহ	৪৫
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ননা	৪৬
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	৪৭
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	৪৮
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ	৫২
২.৭ সামাজিক মানচিত্র	৫৪
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	৫৫
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	৫৬
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৫৭
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৫৭
২.১২ খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৫৮
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৬৪
তৃতীয় অধ্যায়: দুর্যোগ ঝুঁকি হ্রাস	
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৬৬
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৭০
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৭৪
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৭৫
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৭৫
৩.৪.২ দুর্যোগ কালীন	৭৬
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	৭৭
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৭৮
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	
৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	৯২
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা	৯৮
৪.২ আপদ কালীন পরিকল্পনা	৯৯
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	১০০
৪.২.২ সতর্কবার্তা প্রচার	১০০
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	১০০
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান	১০০
৪.২.৫ আশ্রয় কেদ্র রক্ষনাবেক্ষন	১০০

৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	১০০
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ	১০১
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা	১০১
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা	১০১
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা	১০১
৪.২.১১ মহড়ার আয়োজন করা	১০১
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা	১০১
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ	১০২
৪.৩ জেলা/উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা	১০২
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	১০৩
৪.৫ জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	১০৫
৪.৬ অর্থায়ন	১০৬
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ	১০৬
পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা	
৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন	১১০
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার	১১১
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা	১১১
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার	১১১
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ	১১১
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা	১১১
সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট	১১২
সংযুক্তি ২ জেলা/উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	১১৪
সংযুক্তি ৩ জেলা/উপজেলার স্বেচ্ছাসেবকদের তালিকা	১১৫
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা	১২৬
সংযুক্তি ৫ এক নজরে জেলা/উপজেলা	১২৭
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠানসূচী	১২৮

প্রথম অধ্যায়ঃ স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি :

এসওডি অনুযায়ী দুর্যোগের ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্ম পরিকল্পনা প্রণয়নের উদ্যেগ গ্রহন করার কথা বলা হয়েছে। এ ব্যাপারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্ম পরিকল্পনার বিষয়টি বেশ গুরুত্বের সাথে নিয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৫ বছরের জন্য প্রণয়ন করা হবে ।

বিশ্বের দুর্যোগ প্রবণ দেশের মধ্যে বাংলাদেশ একটি । বাংলাদেশে কম-বেশি সব জেলাতেই নানা ধরনের দুর্যোগ দেখা যায় এবং দূর্যোগ পূর্ণ জেলাগুলির মধ্যে চট্টগ্রাম জেলা অন্যতম। ভৌগলিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে এ জেলাতে প্রতি বছর বন্যা, অতিবৃষ্টি, খরা, জলোচ্ছাস, নদী ভাঙ্গন, লবণাক্ততা, আর্সেনিক দূষণ, জলাবদ্ধতা ও কালবৈশাখীসহ নানা ধরনের প্রাকৃতিক দূর্যোগ আঘাত করে থাকে । চট্টগ্রাম জেলাটি সমুদ্রবতী হওয়ার কারণে জলচ্ছাস, বন্যা, ঘূর্ণিঝড় এ এলাকার জন্য একটা বড় আপদ ফলে জেলাটি প্রতিবছর বন্যা, ঘূর্ণিঝড়সহ অন্যান্য আপদের মাধ্যমে এ জেলাতে কম বেশী কোন না কোন ভাবে আক্রান্ত ও ক্ষতিগ্রস্থ হয়ে থাকে । চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাটি অত্যন্ত ঝুঁকি প্রবণ উপজেলা । ২২টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে এই উপজেলাটি । এই উপজেলায় প্রায় সকল ইউনিয়রনই কম বেশী বন্যা, অতিবৃষ্টি, খরা, জলোচ্ছাস, আর্সেনিক দূষণ, জলাবদ্ধতা ও কালবৈশাখী ঝড় জনসাধারনের জীবন-জীবিকার উপরে ক্ষতিকর প্রভাব ফেলে থাকে । এভাবে দুর্যোগে আক্রান্ত হলেও বিগত বছরে দুর্যোগ ঝুঁকি হ্রাস করা বা মানুষের সহায় সম্পদের ক্ষয়ক্ষতির পরিমান কমানোর জন্য জেলা বা উপজেলা পর্যায়ে সুদুর প্রসারী কোন কর্ম পরিকল্পনার উদ্যোগ দেখা যায়নি। এ দিকটি বিবেচনা করেই সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ে তথা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি পটিয়া উপজেলার জন্য প্রণয়ন করার কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য :

- নির্দিষ্ট সময় এবং এলাকা জন্য কৌশলগত সম্ভাব্য দলিল হিসাবে তৈরী করা ।
- স্থানীয় ও জাতীয় পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসহ সংশ্লিষ্ট সকল সেক্টরের জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে এটি কাজ করবে এবং দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়ণে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করবে ।
- স্থানীয় কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ ও কার্যকর অংশীদারত্ব বোধ সৃস্টি করা এবং স্থানীয় উদ্যোগে স্থানীয় রিসোর্স গুলি ব্যবহারের মাধ্যমে দূর্যোগ ঝুঁকি হ্রাস করণ পদ্ধতির উন্নয়ন ঘটানো।
- চাহিদা নিরুপন, উদ্ধার, ত্রাণ ও তাৎক্ষণিক পুণর্বাসন ব্যাবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ ।
- স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি সম্বন্ধে গনসচেতনতা সৃষ্টি ও দূর্যোগ ঝুঁকি হ্রাস করণে স্থানীয় ইউনিয়ন প্রশাসন, উপজেলা প্রশাসন এবং জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় নির্ধারন করা ।

১.৩ স্থানীয় এলাকার পরিচিতিঃ

চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলা সপ্তম শতক অবধি সমতটের খড়্গ রাজবংশের রাজাদের দ্বারা শাসিত হয়। অষ্টম শতকে ধর্মপালের রাজত্বকালে তা পাল সাম্রাজ্যভুক্ত ছিল। নবম শতকে পটিয়াসহ চট্টগ্রাম আবার হরিকেল রাজ্যভুক্ত হয়। দশম শতক থেকে সপ্তদশ শতকের মধ্যবর্তী সময় অর্থাৎ ১৬৬৬ সন পর্যন্ত সাময়িক বিরতি থাকলেও চট্টগ্রাম সমগ্র দক্ষিণাঞ্চল আরাকান রাজ্যভুক্ত ছিল। বৌদ্ধযুগে চট্টগ্রাম ‘চক্রশালা’ নামে বহির্বিশ্বে পরিচিত ছিল। এ চক্রশালা পটিয়া সদর থেকে দুই মাইল দক্ষিণে অবস্থিত। আরাকান শাসকরা চক্রশালায় তাদের রাজধানী স্থাপন করেন। রাজা মেং ফালোং (সেকান্দার শাহ) এর শাসনকালে (১৫৭১-৯৩ খ্রি.) ‘চক্রশালা’ রাজধানী ছিল যেখানে চট্টগ্রামের দক্ষিণাংশ ও কক্সবাজার তাঁর দখলে ছিল। পটিয়াসহ পুরো চট্টগ্রাম মোগল সাম্রাজ্যভুক্ত হয় সম্রাট আকবরের বাংলা বিজয়ের আরো নববই বছর ১৬৬৬ সনে তাঁর প্রপৌত্র সম্রাট আওরঙ্গজেবের আমলে। ব্রিটিশ শাসনের আগে এতদঞ্চল আরাকান আমলে ‘চক্রশালা’, মোগল আমলে ‘চক্রশালা পরগণা’ এবং ব্রিটিশ শাসনের প্রথম দিকে ‘চাকলা’ নামেই পরিচিত ছিল। ব্রিটিশ সরকার দক্ষিণ চট্টগ্রামের কেন্দ্র পটিয়ায় ১৯১০ সালে ৫জন মুন্সেফ নিয়ে মহকুমা মুন্সেফ কোর্ট স্থাপন করেন এবং তদানিন্তন থানার প্রশাসনিক কার্য পরিচালনার জন্য একজন সার্কেল অফিসার (ডেপুটি ম্যাজিস্ট্রেট) নিয়োগ করেন। উনবিংশ শতাব্দীর শেষ দিকে পটিয়ার ও রাউজানের কিছু অংশ নিয়ে রাঙ্গুনিয়া থানা গঠিত হয়। পরবর্তীতে পটিয়াকে ভেঙে ১৮৯৮ সালে আনোয়ারা, ১৯৩০ সালে বোয়ালখালী ও ১৯৭৬ সালে চন্দনাইশ থানা গঠিত হয়। ১৯৫৮ সালে পাকিস্তান আমলে পটিয়া মহকুমা হিসেবে স্বীকৃতি লাভ করে। ১৯৮৪ সালের ১ ফেব্রুয়ারি পটিয়া উপজেলা হিসাবে স্বীকৃতি পায় ।

১.৩.১ পটিয়া উপজেলার ভৌগলিক অবস্থান

চট্টগ্রাম জেলা সদর হতে উপজেলাটি পূর্ব ও দক্ষিনে এবং ৪২ কিলোমিটার দূরত্বে অবস্থিত। এ উপজেলাটির আয়তন ৩৭০ বঃ কিঃ। সর্বমোট ১২৭ টি মৌজা, ২২টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে এ উপজেলাটি গঠিত । স্থলপথ হিসাবে সর্বমোট ৭০১ কিঃমিঃ রাস্তা আছে। যার মধ্যে কাঁচা রাস্তা ২১৯.৫ কিঃমিঃ, পাকা রাস্তা ২০০ কিঃমিঃ ও এইচবিবি রাস্তা ২৮১.৫ কিঃমিঃ ।

১.৩.২ আয়তন

আনুষ্ঠানিকভাবে চট্টগ্রাম জেলার সৃষ্টি হয় ১৯৬৬ সালে। যার আয়তন ৫২৮২.৯৮ বঃকিঃ। চট্টগ্রাম জেলায় ১৪টি উপজেলা রয়েছে, যার মধ্যে পটিয়া ১টি উপজেলা । পটিয়া উপজেলার ২২ টি ইউনিয়নের আয়তন ৩৭০ বঃ কিঃ। উপজেলার ২২ টি ইউনিয়ন, ১টি পৌরসভায় মোট ১২৭ টি মৌজা রয়েছে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক মোজার নাম দেয়া হলঃ

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম	মন্তব্য
০১.	চরলক্ষ্যা ইউনিয়ন পরিষদ	চরলক্ষ্যা ও চরফরিদ	২টি
০২.	চরপাথরঘাটা	চরপাথরঘাটা, ইছানগর ও খোয়াজ নগর	৩টি
০৩.	জুলধা ইউনিয়ন পরিষদ	জুলধা ও ডাঙ্গার চর	২টি
০৪.	বড়উঠান ইউনিয়ন পরিষদ	বড়উঠান, শাহ মিরপুর ও দৌলতপুর	৩টি
০৫.	কোলাগাঁও ইউনিয়ন পরিষদ	কোলাগাঁও, সাততেতৈয়া, নালন্দা, চাপড়া, চাতরী, বানীগ্রাম ও লাখাড়া	৭টি
০৬.	শিকলবাহা	শিকলবাহা ও দ্বীপকালা মোড়ল	২টি
০৭.	কুসুমপুরা ইউনিয়ন পরিষদ	কুসুমপুরা, মনসা, হরিণখাইন, মেহের আটি, বিনিনিহারা, গোরণখাইন ও থানা মহিরা	৭টি
০৮.	খরনা ইউনিয়ন পরিষদ	খরনা ও মুজাফরাবাদ	২টি
০৯.	বরলিা ইউনিয়ন পরিষদ	বরলিয়া, করতলা, বেলখাইন, তেরালা, মেলঘর, বারইখারা ও ওকন্যারা	৭টি
১০.	ভটিখাইন ইউনিয়ন পরিষদ	বাখখালী, করল ও বগাহরা	৩টি
১১.	ছরহরা ইউনিয়ন পরিষদ	ছরহরা, চাটরা, গুয়াতলী, মঠপাড়া, ধাউরডাঙ্গা ও বরইয়া	৬টি
১২.	হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ	হাবিলাসদ্বীপ, হালিমখান চর, পাচুরিয়া ও খুলাইন	৪টি
১৩.	হাইদগাঁও ইউনিয়ন পরিষদ	হাইদগাঁও, জঙ্গল হাইদগাঁও ও উত্তর জঙ্গল শ্রীমাই	৩টি
১৪.	জঙ্গলখাইন ইউনিয়ন পরিষদ	জঙ্গলখাইন, এয়াকুব নগর, ইনাইনপুরা, উজিরপুর, নাইখাইন, টিয়ারকুল, পাইরুল ও লরিহরা	৮টি
১৫	কচুয়াই ইউনিয়ন পরিষদ	কচুয়াই, আজিরপুর, কথা, পারিগ্রাম, শ্রীমাই, লটপচাত্তর শ্রীমাই, কামছত্তর ও দক্ষিণ জঙ্গল শ্রীমাই	৮ টি
১৬	কেলিশহর ইউনিয়ন পরিষদ	কেলিশহর, রতনপুর, মইটলা, সাপমারা, উত্তর ভূর্ষি ছত্তর টেটুয়া, লট সাতানব্বই ছত্তর টেটুয়া, জঙ্গল শীতল ছড়ি ও পাঁচ গাছিয়া বড় দুয়ারা	৮টি
১৭	দক্ষিণ ভূর্ষি ইউনিয়ন পরিষদ	দক্ষিণ ভূর্ষি, ডেংগা পাড়া, বানীপুর, খানমোহনা ও কেচিয়া পাড়া	৫টি
১৮	শোভনদন্ডি ইউনিয়ন পরিষদ	শোভনদন্ডি, রশিদাবাদ, হাতিয়া ঘোনা, কালিয়াইশ, শোসাং, আশাতা, জোয়ারা খান খানা বাদ, হিলিচিয়া, লাউয়ের খীল ও কুরাংগিরি	১০ টি
১৯	ধলঘাট ইউনিয়ন পরিষদ	ধলঘাট, উত্তর সমুরা, দক্ষিণ সমুরা, আলমপুর, নন্দের খীল, বাগদন্ডি, ঈশ্বরখাইন, করণখাইন, মুকুট নাইট, গৈরলা ও তেকোটা	১১ টি
২০	কাশিয়াইশ ইউনিয়ন পরিসদ	কাশিয়াইশ, পেরপিরা, মহিরা পেরপিরা, বাকখাইন, ভান্ডারগাঁও, পিংগলা, দ্বারক ও বুধপুরা	৮টি
২১	আশিয়া ইউনিয়ন পরিষদ	আশিয়া, বাথুয়া	২ টি
২২	জিরি ইউনিয়ন পরিষদ	জিরি, উত্তর দেয়াং, কৈয়গ্রাম, মালিয়ারা, মহিরা, উখাইন ও সাইদাইর	৭ টি
মোট			১২৭ টি

৩.৩ জন সংখ্যা

পটিয়া উপজেলায় ২২ টি ইউনিয়নের মোট জনসংখ্যা ৬,৩৩,১৫০ যার মধ্যে পুরুষ ৩,২০,২১৮, জন মহিলা ৩,১২,১৪৮ জন, শিশু ৪৪,৩০৮ জন, বৃদ্ধ ২৮,২০২ জন, প্রতিবন্ধি ৪,৪৮৯ জন । এই উপজেলায় পরিবারের সংখ্যা ১,০১,৯৬৮ টি এবং ভোটারের সংখ্যা ৩,৬৮,৫৩৯ জন। নিম্নে ছকের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক বিভিন্ন স্তরের জনসংখ্যা দেখানো হলঃ

খ) তথ্য প্রাপ্তির সূত্রঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোবাইল নং- ০১৯১৪-৭৩৯১৩৬

ক্র. নং	ইউনিয়নের নাম	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/ খানা	মোট ভোটার
১	চরলক্ষ্যা	১৪৩৮৫	১৩৯৮৫	১৯৮৬	১২৭৭	২৪৪	২৮৩৭০	৩২১২	১৮১২০
২	কচুয়াই	২৭৫২৩	২৭৩৬১	২৭৩২	১৬১৮	১৬৪	৫৪৮৬৪	৮১০৭	২০০২০
৩	ভাটিখাইন	৬৬৩৫	৬০৩৫	৮৮৯	৫৮৩	১৩২	১২৬৭০	২৪৩০	৬৪৪০
৪	ছনহারা	৯১৮৯	৯০৮৯	১২৭২	৮১৯	২০৫	১৮১৭৮	৩১৪৫	১২৫৩০
৫	হাইদগাঁও	১২৫৭৮	১২০৭৭	১৭২৫	১১১০	২৯০	২৪৬৫৫	৪১২০	১৫১৫৪
৬	কেলিশহর	৯৩০৬	৯২৬৪	১৩৯১	৮৩৬	১৮০	১৮৫৭০	৪১৩০	১৩২১১
৭	হাবিলাসদ্বীপ	১৬৮১৩	১৬৬১২	২৩৪০	১৫০৫	৭৭	৩৩৪২৫	৫২৪০	২০৯৩০
৮	কোলাগাঁও	১১০৩৩	১০৮৩৩	১৫৩১	৯৮৪	২৪৫	২১৮৬৬	৪১২৩	১৫৯৯৩
৯	জঙ্গালখাইন	১২৬৯৩	১২৪৩৭	১৭৬০	১১৩১	১২২	২৫১৩০	৩০৪৪	১১২৪০
১০	খরনা	১৫৬৪৯	১৫৫৪৮	২১৭৭	১৪০৬	২৫৮	৩১০৯৬	৪৫৩৫	১৭৮৬০
১১	চরপাথর ঘাটা	২১২৯০	২১১৯৫	২৯৬৮	১৯৭০	৩১০	৪২৩৯০	৭৪৯৭	২৬২৮১
১২	শিকলবাহা	২৩১৯০	২২৫৯০	৩২০৫	২০৬১	৪১৫	৪৫৭৮০	৭৪৪৫	২৯৭৫৭
১৩	বরলিয়া	১০৯২০	১০৩২০	২০৭৫	১২০৭	২১৫	২১২৪০	২৭৯০	১১৪৭০
১৪	বড়উঠান	২১২৩৫	২০৮৩৫	২৯৪৫	১৮৯৪	৩৪১	৪২০৭০	৬৩৩০	২৬০৮৩
১৫	জুলধা	১১৬২০	১১২২০	১৫৯৯	১০২৮	১৫২	২২৮৪০	৪০৬০	১৪৫৩০
১৬	কুসুমপুরা	১৭৬৪৫	১৭০৪৪	২৪৭২	১৪০৯	১৩০	৩৪৬৮৯	৫৩৬০	২২৪৩২
১৭	জিরি	২২৫৬৫	২১৭৫৫	৪৬০৬	২৮৮৭	৩০৯	৪৪৩২০	৭৪৩০	২৮৬৫২
১৮	দুক্ষিণ ভূর্ষি	৯৭৬০	৯৩৬০	৭৯৩	৫৭৮	১০৬	১৯১২০	৩৮২২	৭২৩০
১৯	ধলঘাট	১০৬১৯	১০২১৮	১২৭০	৯০৬	২৬০	২০৮৩৭	৩৯২১	১৫৪৭০
২০	শোভনদন্ডি	১৫৩৯৫	১৪৭৯৫	২১১৪	১৩৬০	২২০	৩০১৯০	৪৫৫৭	১৭৭১৮
২১	আশিয়া	১২৫০০	১২২০০	১৬০৬	১১১১	২৮৩	২৪৭০০	৪৩১০	৯২০০
২২	কাশিয়াইশ	৭৬৭৫	৭৩৭৫	৮৫২	৫২২	২৩১	১৫১৫০	২৩৬০	৮২১৮
মোট		৩২০২১৮	৩১২১৪৮	৪৪৩০৮	২৮২০২	৪৪৮৯	৬৩২১৫০	১০১৯৬৮	৩৬৮৫৩৯

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য গুলির সংক্ষিপ্ত বিবরণঃ

৪.১ অবকাঠামোঃ

ক) বাঁধ

পটিয়া উপজেলায় ৭ টি বাঁধ রয়েছে। এই উপজেলায় বন্যার পানি প্রবেশ করায় বিভিন্ন ধরণের ক্ষয়-ক্ষতি সম্মুখিন হয়ে থাকে। উক্ত বাঁধের মোট দৈর্ঘ্য প্রায় ২৬.৫ কিঃমিঃ। নিম্নে ইউনিয়ন ভিত্তিক বাঁধের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান উল্লেখ করা হলঃ

- কচুয়াই ইউনিয়নে ২ টি বেড়ী বাঁধ রয়েছে। ১, ৩, ৭ ও ৮ নং ওয়ার্ডে শ্রীমায় হতে পাইক পাড়া পর্যন্ত প্রায় ৬ কিঃমিঃ লম্বা একটি শ্রীমায় বেরী বাঁধ রয়েছে ও ৫, ৬ ও ৯ নং ওয়ার্ডে এজাহার মিয়ার বাড়ী হতে আহম্মদ কবির চেয়ারম্যানের বাড়ী পর্যন্ত প্রায় ৫ কিঃমিঃ লম্বা একটি হরনা বেড়ী বাঁধ রয়েছে।
- ভাটিখাইন ইউনিয়নে ১ টি বেড়ী বাঁধ রয়েছে। ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে শ্রীমেই ৭ নং ওয়াড ঝর্না পাড়া ষ্টীল ব্রীজ হতে চানখালী খাল পর্যন্ত প্রায় ৪.৫ কিঃমিঃ লম্বা একটি শ্রীমেই খাল বেড়ী বাঁধ রয়েছে।
- ছনহারা ইউনিয়নে ১ টি বাঁধ রয়েছে। ১ ও ৩ নং ওয়ার্ডে শ্রীমাই বেড়ী বাঁধ টেগের কুনী হতে পিপি সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত যা লম্বা প্রায় ৩ কিঃমিঃ।
- হাইদগাঁও ইউনিয়নে ১ টি বাঁধ রয়েছে। ২, ৩ ও ৫ নং ওর্য়াডের শ্রীমাই বেড়ী বাঁধ রয়েছে, দত্ত বাড়ী হতে বৌদ্ধ পাড়া পর্যন্ত যা লম্বা প্রায় ১ কিঃমিঃ।
- চরপাথর ঘাটা ইউনিয়নে ১ টি বাঁধ রয়েছে। ৩, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে ১ টি চরপাথর ঘাটা বেড়ী বাঁধ অবাস্থত যা লম্বা প্রায় ৪ কিঃমিঃ ।
- জুলধা ইউনিয়নে ১ টি বাঁধ রয়েছে। ৩ ও ৭ নং ওয়ার্ডে ১ টি বেড়ী বাঁধ রয়েছে যা লম্বায় প্রায় ৩ কিঃমিঃ।

খ) স্লুইচ গেইট

পটিয়া উপজেলায় ২২ টি ইউনিয়নে মোট ৩ টি স্লুইচ গেইট আছে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক স্লুইচ গেইট এর সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলো:

- ছনহারা ইউনিয়নে ১ টি স্লুইচ গেইট রয়েছে যাহা ৯ নং ওয়ার্ডে চতুরাখালী খালের উপরে অবস্থিত।
- জিরি ইউনিয়নে ২ টি স্লুইচ গেইট রয়েছে। ৩ নং ওয়ার্ডে শিকলবাহা খালের উপরে ১ টি ও ৭ নং ওয়ার্ডে শিকলবাহা খালের উপরে ১ টি স্লুইচ গেইট রয়েছে।

গ) ব্রীজঃ

চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলায় ২২ টি ইউনিয়নে মোট ১৭৬ টি ব্রীজ আছে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক ব্রীজের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

খরনা ইউনিয়নঃ
খরনা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৩ টি। ৫ নং ওয়ার্ডে খরনা খালের উপর ১টি, ৬ নং ওয়ার্ডে রাস্তার উপরে ১টি, ৫ নং ওয়ার্ডে বিশমতি খালের উপরে ১টি, ৭ নং ওয়ার্ডে খরনা খালের উপরে ২টি , ৯ নং ওয়ার্ডে দনাবরিছা ছড়ার উপরে ১টি, ৮ নং ওয়ার্ডে নাপিত পাড় সড়কের উপরে ১টি, ৬ নং ওয়ার্ডে বাদল মাষ্টার সড়কের উপরে ১টি, ২ নং ওয়ার্ডে তেরিন ছিলা খালের উপরে ৪টি, ২ নং ওয়ার্ডে এরশাদ উল্ল্যাহ সড়কের উপরে ২টি ও ১ নং ওয়ার্ডে মকবুল শাহ সড়কের উপরে ২টি ব্রীজ অবস্থিত।

কচুয়াই ইউনিয়নঃ
কচুয়াই ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৮ টি । ১ নং ওয়ার্ডে সিমায় খালের উপরে ২টি, ২ নং ওয়ার্ডে বেলতলা সড়কের উপরে ১টি, ৩ নং ওয়ার্ডে গ্রী সড়কের উপরে ১টি, ৪ নং ওয়ার্ডে কারু কিয়া সড়কের উপরে ২টি, ৫ নং ওয়ার্ডে বেলতলা সড়কের উপরে ১টি ও ৯ নং ওয়ার্ডে খলনা খালের উপরে ১টি ব্রীজ রয়েছে যা পানি নিস্কাশনের জন্য ব্যবহার করা হচ্ছে ।

ভাটিখাইন ইউনিয়নঃ
ভাটিখাইন ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১০টি । ৩ নং ওয়ার্ডে শ্রীমেয় খালের উপরে ২টি, ৪ ও ৬ নং ওয়ার্ডে টুইটং সড়কের সড়কের উপরে ২টি, ১ ও ৪ নং ওয়ার্ডে পটিয়া কড়ল টেকের কোনে ২টি, ৫ নং ওয়ার্ডে ভাটিখাইন কালী বাড়ী সড়কের উপরে ১টি, ৫ ও ৮ নং ওয়ার্ডে মুড়া খালের উপরে ২টি, ৩ নং ওয়ার্ডে কড়ল বগাছড়া সড়কের উপরে ১ টি ও ৮ নং ওয়ার্ডে ফয়জুর রহমান সড়কের উপরে ১টি ব্রীজ রয়েছে যা পানি নিস্কাশনের জন্য ব্যবহার করা হচ্ছে ।

ছনহারা ইউনিয়নঃ
ছনহারা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৫ টি। ২ নং ওয়ার্ডে হযরত চিকন খলীফা শাহ সড়কের উপরে ১টি, ৮ নং ওয়ার্ডে দাউডাঙ্গা সড়কের উপরে ৪টি । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

হাইদগাঁও ইউনিয়নঃ
হাইদগাঁও ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৭টি। ১) ১, ২, ৩, ৫ ও ৬ নং ওয়ার্ডে বিওসি সড়কের উপরে ৪টি । ২) ৪ নং ওয়ার্ডে আকরামিয়া সড়কের উপরে ৩ টি । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

কেলিশহর ইউনিয়নঃ
কেলিশহর ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ২০ টি । ১) ১, ২, ৩, ৫ ও ৬ নং ওয়ার্ডে বিওসি সড়কের উপরে ৪টি । ২) ৪ নং ওয়ার্ডে আকরামিয়া সড়কের উপরে ৩ টি । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

হাবিলাসদ্বীপ ইউনিয়নঃ
হাবিলাসদ্বীপ ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৫ টি । ১) ১ নং ওয়ার্ডে চানখালী খালের উপরে ১টি, ২) ৪ ও ৮ নং ওয়ার্ডের চরকানাই ভিলেজ সড়কের উপরে ২ টি ও ৩) ৮ নং ওয়ার্ডের চৌধুরী বাড়ী সড়কের উপরে ১টি ।

কোলাগাঁও ইউনিয়নঃ
কোলাগাঁও ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৬টি । ১) ১ নং ওয়ার্ডে গরু সুটাই খালের উপরে ১টি, ২) ২ নং ওয়ার্ডে আবু সৈয়দ শাহ সড়কের উপরে ১ টি, ৩) ৫ নং ওয়ার্ডে আরকান সড়কের উপরে ১ টি, ৪) ৯ নং ওয়ার্ডে গরু সুটাই খাল ও মাহার খালের উপরে ২ টি, ৫) ৫ নং ওয়ার্ডে পলো খালের উপরে ১ টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

জঙ্গালখাইন ইউনিয়নঃ
জঙ্গালখাইন ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ২ টি । ১) ১, ৫ ও ৬ নং ওয়ার্ডে সাজের মহি আলম খালের উপরে ব্রীজ ৩ টি, ২) ৯ নং ওয়ার্ডে কাজির খাল ও চৌধুরী খালের উপরে ব্রীজ ৩ টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

চরলক্ষা ইউনিয়নঃ
চরলক্ষা ইউনিয়নে মোট ব্রীজের সংখ্যা ৬টি । ১) ১ নং ওয়ার্ডে শাহা আজীজ সড়কের উপরে ব্রীজ ১ টি ২) ২, ৩, ৪ ৫ ও ৯ নং ওয়ার্ডে চরলক্ষা খালের উপরে ৫ টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

চরপাথর ঘাটা ইউনিয়নঃ
চরপাথর ঘাটা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৩০ টি। ১) ১ ও ৩ নং ওয়ার্ডে লেংড়া খালের উপরে ব্রীজ ৩ টি ২) ৭ নং ওয়ার্ডে বাংলা বাজার সড়কের উপরে ১ টি ব্রীজ ও ৩) ৮ নং ওয়ার্ডে আলিম উদ্দিন সড়কের উপরে ১ টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

শিকলবাহা ইউনিয়নঃ

শিকলবাহা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৮ টি। ১) ৫ নং ওয়ার্ডে আরাকান সড়কের উপরে ব্রীজ ১ টি ২) ৮ নং ওয়ার্ডে সরাজারী সড়কের উপরে ব্রীজ ২ টি ৩) ৭ নং ওয়ার্ডে বখতিয়ার সড়কের উপরে ১ টি ব্রীজ ৪) ৯ নং ওয়ার্ডে জেলে পাড়া সড়কের উপরে ১ টি ব্রীজ ৫) ৬ নং ওয়ার্ডে আলাউদ্দিন চেয়ারম্যান ব্রীজ ১ টি ও ৩ নং ওয়ার্ডে কালার পুল ব্রীজ ২ টি এবং ২ ও ৪ নং ওয়ার্ডে কর্ণফুলী ব্রীজ অবস্থিত। ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

বড়লিয়া ইউনিয়নঃ

বড়লিয়া ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৯ টি। ১) ৩ নং ওয়ার্ডে বেলখাইন সড়কের উপরে ব্রীজ ১ টি ২) ৫ নং ওয়ার্ডে বিকেবিসড়কের উপরে ব্রীজ ১ টি ৩) ২ নং ওয়ার্ডে বীর মুক্তিযোদ্ধা শামসুজ্জামান সড়কের উপরে ২ টি ব্রীজ ৪) ৮ নং ওয়ার্ডে কলাগাজী সড়কের উপরে ১ টি ব্রীজ ৫) ৭ নং ওয়ার্ডে শীলপাড়া সড়কের উপরে ব্রীজ ২ টি, ও ৫ নং ওয়ার্ডে সৈয়দ শাহগীর সড়কের উপরে ব্রীজ ১ টি এবং ৮ নং ওয়ার্ডে খানবাড়ী সড়কের উপরে ১ টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

বড়উঠান ইউনিয়নঃ

বড়উঠান ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১০ টি। ৩ ও ৮ নং ওয়ার্ডে জিরি সড়কের উপরে ১টি। ৭ নং ওয়ার্ডে বড়ুয়া পাড়ায় ১ টি, দারোগা হাটে ১টি, নতুন পাড়া সড়কের উপরে ১টি ও সওদাগর পাড়া সড়কের উপরে ১টি ব্রীজ রয়েছে। ১ নং ওয়ার্ডে ইউসুফ মেম্বারের সড়কের উপরে ১টি, গাজী সড়কের উপরে ১টি ও রফিক উল্লাহ চেয়াম্যানের সড়কের উপরে ১ টি ও ৯ নং ওয়ার্ডে মিয়া বাড়ীর সড়কের উপরে ১টি এবং ডাক পাড়া সড়কের উপরে উপরে ১টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

জুলধা ইউনিয়নঃ

জুলধা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ২ টি। ৮ নং ওয়ার্ডে জুলধা নয়ার হাট সড়কের উপরে ১টি এবং ৮ ও ৯ নং ওয়ার্ডে আনজু মিস্ত্রি সড়কের উপরে ১ টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

কুসুমপুরা ইউনিয়নঃ

কুসুমপুরা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৩ টি। ৪ নং ওয়ার্ডে দিলশাহ সড়কের উপরে ১টি এবং ৬ নং ওয়ার্ডে সৈয়দ মিত্র সড়ক ও লক্ষবাপের সড়কের উপরে ১ টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির কিছুটা ঝুঁকির মধ্যে রয়েছে এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

জিরি ইউনিয়নঃ

জিরি ইউনিয়নে কোন ব্রীজ নেই।

দক্ষিণ ভূর্ষি ইউনিয়নঃ

দক্ষিণ ভূর্ষি ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ২ টি। ৯ নং ওয়ার্ডে চানখালি খালের উপরে ১টি এবং ৮ নং ওয়ার্ডে কৃষ্ণ খালি খালের উপরে ১ টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির কিছুটা ঝুঁকির মধ্যে রয়েছে এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

ধল ঘাট ইউনিয়নঃ

ধল ঘাট ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৩ টি। ৬ নং ওয়ার্ডে হারগোজ খালের উপরে ১টি ব্রীজ, ৮ নং ওয়ার্ডে কৃষ্ণ খালি খালের উপরে ১ টি ব্রীজ ও চানখালী খালের উপরে ১টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির কিছুটা ঝুঁকির মধ্যে রয়েছে এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

শোভনদন্ডি ইউনিয়নঃ

শোভনদন্ডি ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৭ টি। ৩ নং ওয়ার্ডে হোসেন আহম্মদ জোয়ারা রাস্তার উপরে ১টি ব্রীজ, ৫ নং ওয়ার্ডে করম উল্লাহ রোড, বহখালী রোডের উপরে ৩ টি ব্রীজ, ৬ নং ওয়ার্ডে খরনা খালের উপরে ১টি ব্রীজ, ৭ নং ওয়ার্ডে কান্তির খালের উপরে ১ টি ও ৯ নং ওয়ার্ডে লাউয়ের খিল খালের উপরে ১টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলির কিছুটা ঝুঁকির মধ্যে রয়েছে এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

আশিয়া ইউনিয়নঃ
আশিয়া ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৫ টি । ২ নং ওয়ার্ডে ব্রাক্ষ্মন খালের উপরে ১টি ব্রীজ, ৩ নং ওয়ার্ডে ব্রাক্ষ্মন খালের উপরে ১ টি ব্রীজ, ৫ নং ওয়ার্ডে চানখালী উপরে ১টি ব্রীজ, ৬ নং ওয়ার্ডে আশিয়া খালের উপরে ১ টি ও ৯ নং ওয়ার্ডে চানখালী খালের উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির কিছুটা ঝুঁকির মধ্যে রয়েছে এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

কাশিয়াইশ ইউনিয়নঃ
কাশিয়াইশ ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৫ টি । ২ নং ওয়ার্ডে রমজান বিবি সড়কের উপরে ১টি ব্রীজ, ১ ও ৩ নং ওয়ার্ডে দাড়ক খালের উপরে ১ টি ব্রীজ, ৬ ও ৯ নং ওয়ার্ডে বাঘখাইন খালের উপরে ১টি ব্রীজ, ৭ নং ওয়ার্ডে কাশিয়াইশ খালের উপরে ১ টি ও ৯ নং ওয়ার্ডে বাঘখাইন খালের উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির কিছুটা ঝুঁকির মধ্যে রয়েছে এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

ঘ) কালভার্টঃ

পটিয়া উপজেলায় ২২টি ইউনিয়নে মোট ৬৭৪ টি কালভার্ট আছে। এই কালভার্ট গুলো রাস্তার নীচে খালের পানি প্রবাহে সহায়তা করে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক কালভার্টের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

খরনা ইউনিয়নঃ
খরনা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ২৯টি । ১ নং ওয়ার্ডে ৪টি, ২ নং ওয়ার্ডে ৪টি, ৩ নং ওয়ার্ডে ২ টি, ৪ নং ওয়ার্ডে ৩ টি, ৫ নং ওয়ার্ডে ৪ টি, ৬ নং ওয়ার্ডে ৩ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি, ৮ নং ওয়ার্ডে ২ টি ও ৯ নং ওয়ার্ডে ৩ টি কালভার্ট রয়েছে।

কচুয়াই ইউনিয়নঃ
কচুয়াই ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা প্রায় ৪৫টি । ১ নং ওয়ার্ডে ৫টি, ২ নং ওয়ার্ডে ৪টি, ৩ নং ওয়ার্ডে ৫ টি, ৪ নং ওয়ার্ডে ৪ টি, ৫ নং ওয়ার্ডে ৫ টি, ৬ নং ওয়ার্ডে ২ টি, ৭ নং ওয়ার্ডে ৬ টি, ৮ নং ওয়ার্ডে ৪ টি ও ৯ নং ওয়ার্ডে ৭ টি কালভার্ট রয়েছে।

ভাটিখাইন ইউনিয়নঃ
ভাটিখাইন ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা প্রায় ৪৫টি । ১ নং ওয়ার্ডে ৫টি, ২ নং ওয়ার্ডে ৫টি, ৩ নং ওয়ার্ডে ৭ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৭ টি, ৬ নং ওয়ার্ডে ২ টি, ৮ নং ওয়ার্ডে ৬ টি ও ৯ নং ওয়ার্ডে ৭ টি কালভার্ট রয়েছে।

ছনহারা ইউনিয়নঃ
ছনহারা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৪৬ টি। ১ নং ওয়ার্ডে ৪টি, ২ নং ওয়ার্ডে ৭টি, ৩ নং ওয়ার্ডে ৭ টি, ৪ নং ওয়ার্ডে ৫ টি, ৫ নং ওয়ার্ডে ৮ টি, ৬ নং ওয়ার্ডে ৫ টি, ৮ নং ওয়ার্ডে ৬ টি ও ৯ নং ওয়ার্ডে ৪ টি কালভার্ট রয়েছে।

হাইদগাঁও ইউনিয়নঃ
হাইদগাঁও ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৩৭ টি। ১ নং ওয়ার্ডে ৩টি, ২ নং ওয়ার্ডে ৫টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৩ টি, ৫ নং ওয়ার্ডে ৬ টি, ৬ নং ওয়ার্ডে ৫ টি, ৮ নং ওয়ার্ডে ৪ টি ও ৯ নং ওয়ার্ডে ৭ টি কালভার্ট রয়েছে।

কেলিশহর ইউনিয়নঃ
কেলিশহর ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৩৬ টি । ১ নং ওয়ার্ডে ৪টি, ২ নং ওয়ার্ডে ৩টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৩ টি, ৬ নং ওয়ার্ডে ৪ টি, ৮ নং ওয়ার্ডে ৫ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৯ নং ওয়ার্ডে ৩ টি কালভার্ট রয়েছে।

হাবিলাসদ্বীপ ইউনিয়নঃ
কেলিশহর ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৩১ টি। ১ নং ওয়ার্ডে ৫টি, ২ নং ওয়ার্ডে ৩টি, ৩ নং ওয়ার্ডে ২ টি, ৪ নং ওয়ার্ডে ৪ টি, ৫ নং ওয়ার্ডে ৬ টি, ৬ নং ওয়ার্ডে ৩ টি, ৮ নং ওয়ার্ডে ৪ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৯ নং ওয়ার্ডে ৩ টি কালভার্ট রয়েছে।

কোলাগাঁও ইউনিয়নঃ
কোলাগাঁও ইউনিয়নে কালভার্ট সংখ্যা ২৮টি। ১ নং ওয়ার্ডে ৩টি, ২ নং ওয়ার্ডে ২টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৩ টি, ৫ নং ওয়ার্ডে ৪ টি, ৬ নং ওয়ার্ডে ৩ টি, ৮ নং ওয়ার্ডে ২ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৮ নং ওয়ার্ডে ৩ টি কালভার্ট রয়েছে।

জঞ্জালখাইন ইউনিয়নঃ
জঞ্জালখাইন ইউনিয়নে মোট কালভার্ট ৪১ টি। ১ নং ওয়ার্ডে ৭টি, ২ নং ওয়ার্ডে ৫টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৩ টি, ৬ নং ওয়ার্ডে ৫ টি, ৮ নং ওয়ার্ডে ২ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৮ নং ওয়ার্ডে ৫ টি কালভার্ট রয়েছে।

চরলক্ষা ইউনিয়নঃ
চরলক্ষা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৩১টি। ১ নং ওয়ার্ডে ৩টি, ২ নং ওয়ার্ডে ৪টি, ৩ নং ওয়ার্ডে ৩ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৪ টি, ৬ নং ওয়ার্ডে ৫ টি, ৮ নং ওয়ার্ডে ২ টি, ৭ নং ওয়ার্ডে ২ টি ও ৮ নং ওয়ার্ডে ২ টি কালভার্ট রয়েছে।
চরপাথর ঘাটা ইউনিয়নঃ
চরপাথর ঘাটা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৫১ টি। ১ নং ওয়ার্ডে ৮টি, ২ নং ওয়ার্ডে ৫টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৪ টি, ৬ নং ওয়ার্ডে ৭ টি, ৮ নং ওয়ার্ডে ৪ টি, ৭ নং ওয়ার্ডে ৬ টি ও ৮ নং ওয়ার্ডে ৫ টি কালভার্ট রয়েছে।

শিকলবাহা ইউনিয়নঃ
শিকলবাহা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা মোট ৪৬ টি। ১ নং ওয়ার্ডে ৫টি, ২ নং ওয়ার্ডে ৫টি, ৩ নং ওয়ার্ডে ৬ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৫ টি, ৬ নং ওয়ার্ডে ৭ টি, ৮ নং ওয়ার্ডে ৫ টি, ৮ নং ওয়ার্ডে ৬ টি ও ৮ নং ওয়ার্ডে ৫ টি কালভার্ট রয়েছে।

বড়লিয়া ইউনিয়নঃ
বড়লিয়া ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ২৮টি। ১ নং ওয়ার্ডে ৩টি, ২ নং ওয়ার্ডে ২টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৩ টি, ৫ নং ওয়ার্ডে ৪ টি, ৬ নং ওয়ার্ডে ৩ টি, ৮ নং ওয়ার্ডে ২ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৮ নং ওয়ার্ডে ৩ টি কালভার্ট রয়েছে।

বড়উঠান ইউনিয়নঃ
বড়উঠান ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৭৯টি। ১ নং ওয়ার্ডে ৮টি, ২ নং ওয়ার্ডে ৫টি, ৩ নং ওয়ার্ডে ১১ টি, ৪ নং ওয়ার্ডে ৮ টি, ৫ নং ওয়ার্ডে ৭ টি, ৬ নং ওয়ার্ডে ৫ টি, ৭ নং ওয়ার্ডে ৯ টি, ৮ নং ওয়ার্ডে ১০ টি, ৮ নং ওয়ার্ডে ৯ টি ও৯৮ নং ওয়ার্ডে ৭ টি কালভার্ট রয়েছে।

জুলধা ইউনিয়নঃ
জুলধা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৩৫টি। ১ নং ওয়ার্ডে ৪টি, ২ নং ওয়ার্ডে ৩টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৩ টি, ৬ নং ওয়ার্ডে ৪ টি, ৮ নং ওয়ার্ডে ৫ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৯ নং ওয়ার্ডে ৩ টি কালভার্ট রয়েছে।

কুসুমপুরা ইউনিয়নঃ
কুসুমপুরা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৩৫টি। ১ নং ওয়ার্ডে ৪টি, ২ নং ওয়ার্ডে ৩টি, ৩ নং ওয়ার্ডে ৪ টি, ৪ নং ওয়ার্ডে ৬ টি, ৫ নং ওয়ার্ডে ৩ টি, ৬ নং ওয়ার্ডে ৪ টি, ৮ নং ওয়ার্ডে ৫ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৯ নং ওয়ার্ডে ৩ টি কালভার্ট রয়েছে।

জিরি ইউনিয়নঃ
জিরি ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ১৫টি। ১ নং ওয়ার্ডে ২টি, ২ নং ওয়ার্ডে ২টি, ৪ নং ওয়ার্ডে ৩ টি, ৫ নং ওয়ার্ডে ৪ টি, ৬ নং ওয়ার্ডে ৩ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি ও ৮ নং ওয়ার্ডে ২ টি কালভার্ট রয়েছে।

দক্ষিণ ভূর্ষি ইউনিয়নঃ
দক্ষিণ ভূর্ষি ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৬টি। ১ নং ওয়ার্ডে ৩টি, ২ নং ওয়ার্ডে ১টি ও ৪ নং ওয়ার্ডে ২ টি কালভার্ট রয়েছে।

ধল ঘাট ইউনিয়নঃ
ধল ঘাট ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ১৫টি। ১ নং ওয়ার্ডে ১টি, ৪ নং ওয়ার্ডে ৩টি, ৬ নং ওয়ার্ডে ২ টি, ৭ নং ওয়ার্ডে ৪ টি, ৮ নং ওয়ার্ডে ৪ টি ও ৯ নং ওয়ার্ডে ১ টি কালভার্ট রয়েছে।

শোভনদন্ডি ইউনিয়নঃ
শোভনদন্ডি ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ১১টি । ২ নং ওয়ার্ডে ৩টি, ৪ নং ওয়ার্ডে ২টি, ৬ নং ওয়ার্ডে ১ টি, ৮ নং ওয়ার্ডে ৩ টি ও ৯ নং ওয়ার্ডে ১ টি কালভার্ট রয়েছে।

আশিয়া ইউনিয়নঃ
আশিয়া ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৬টি । ২ নং ওয়ার্ডে ২টি, ৪ নং ওয়ার্ডে ১টি, ৫ নং ওয়ার্ডে ১ টি, ৭ নং ওয়ার্ডে ১টি ও ৮ নং ওয়ার্ডে ১ টি কালভার্ট রয়েছে।

কাশিয়াইশ ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৬টি । ১ নং ওয়ার্ডে ১টি, ২ নং ওয়ার্ডে ৩টি, ৩ নং ওয়ার্ডে ১ টি, ৪ নং ওয়ার্ডে ১টি ও ৫ নং ওয়ার্ডে ১ টি কালভার্ট রয়েছে।

প্রাপ্ত তথ্যের সূত্রঃ , সহকারী ইঞ্জিনিয়ার, এলজিআরডি অফিস, *পটিয়া,* চট্টগ্রাম । মোবাইল নং- *০১১৪৩৩৪৪৬৯*

ঙ) রাস্তাঃ
চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলায় ২২টি ইউনিয়নে সর্বমোট ৭০১ কি: মি: রাস্তা আছে। এর মধ্যে পাকা রাস্তা প্রায় ২০০ কি:মি:, কাঁচা রাস্তা ২১৯.৫ কি:মি: এবং এইচ বি বি ২৮১.৫ কি:মি: । নিম্নে ইউনিয়ন ভিত্তিক রাস্তার সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

১. খরনা ইউনিয়নঃ খরনা ইউনিয়নে মোট পাকা রাস্তা ৬.৫ কিলোমিটার, কাঁচা রাস্তাগুলো ৫, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত । এইচবিবি রাস্তা প্রায় ২৬.৫ কিলোমিটার রাস্তাগুলো (১, ২, ৩, ৪, ৫ ও ৬) নং ওয়ার্ডে অবস্থিত এর মধ্যে (১, ২, ৩, ৫ ও ৬) নং ওয়ার্ডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও কাঁচা রাস্তা প্রায় ২১ কিলোমিটার (১, ২, ৩, ৫, ৭ ও ৮) নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে (২, ৩, ৫, ৭ ও ৮) নং গুলির রাস্তা ঝুঁকির মধ্যে রয়েছে ।

২. কচুয়াই ইউনিয়নঃ কচুয়াই ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৩ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত । এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৬ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ১, ২, ৩ ও ৭ নং ওয়ার্ডের রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ১৯ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৪, ৫, ৬, ৭ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ২, ৪, ৫ ও ৯ নং ওয়াড গুলির এইচবিবি রাস্তা ঝুঁকির মধ্যে রয়েছে ।

৩. ভাটিখাইন ইউনিয়নঃ মেখল ইউনিয়নে মোট পাকা রাস্তা ৮ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ৩, ৪, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত । এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৪.৫ কিলোমিটার, রাস্তা গুলো ২,৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ২, ৩, ৪, ৫ ও ৮ নং ওয়ার্ডের রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ৫ কিলোমিটার, রাস্তা গুলো ৪, ৫, ৬ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ৫, ৬ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

৪. ছনহারা ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত । এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৩.৫ কিলোমিটার, রাস্তা গুলো ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে এই রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ১৯ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৪, ৫, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ২, ৭ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

৫. হাইদগাঁও ইউনিয়নে মোট পাকা রাস্তা ৬ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডে অবিস্থত । এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৪.৫ কিলোমিটার, রাস্তা গুলো ৪, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ৪, ৮ ও ৯ নং ওয়ার্ডের রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ২৭ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

৬. কেলিশহর ইউনিয়নে মোট পাকা রাস্তা ৮ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবিস্থত । এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১০ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩, ৪, ৭ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ১১.৫ কিলোমিটার, রাস্তা গুলো ২, ৩, ৪, ৫, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ।

৭. হাবিলাসদ্বীপইউনিয়নে মোট পাকা রাস্তা ১২ কিলোমিটার। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৯.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ২০.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ২, ৪, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

৮. কোলাগাঁও ইউনিয়নে মোট পাকা রাস্তা ৪ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ৩ ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৪.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ২১.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ২, ৩, ৪, ৬ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

৯. জঙ্গালখাইন ইউনিয়নে মোট পাকা রাস্তা ১২.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা প্রায় ১২ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩, ৫, ৬, ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১২.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৪, ৫,৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ২, ৪, ৬ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১০. চরলক্ষা ইউনিয়নে মোট পাকা রাস্তা ৭ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ২৩ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৫, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১১.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১,৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ৪, ৫, ৬ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১১. চরপাথর ঘাটা ইউনিয়নে মোট পাকা রাস্তা ৯ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩ ও ৪ ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৫.৫ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৪, ৫, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১০ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১২. শিকলবাহা ইউনিয়নে মোট পাকা রাস্তা ৯ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৩, ৪, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৪.৫ কিলোমিটার, রাস্তা গুলো ৬ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত এবং রাস্তা গুলো কিছুটা ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ৬.৫ কিলোমিটার, রাস্তা গুলো ২, ৩, ৪ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৪ ও ৭ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১৩. বড়লিয়া ইউনিয়নে মোট পাকা রাস্তা ১১.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে কোন কাঁচা রাস্তা নেই এবং এইচবিবি রাস্তা ১০.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১,২,৩, ৪, ৫,৬,৭ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ৫,৬,৭ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১৪. বড়উঠান ইউনিয়নে মোট পাকা রাস্তা ১০.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৩, ৪, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। বড়উঠান ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৪.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ১,৩ ও ৭ নং ওয়ার্ডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১৩.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩, ৪, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ৩, ৪, ৬ ও ৭ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১৫. জুলধা ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবিস্থত। জুলধা ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৩.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ১, ২, ৫ ৭ ও ৯ নং ওয়ার্ডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১০.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১৬. কুসুমপুরা ইউনিয়নে মোট পাকা রাস্তা ২.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ৬, ৭ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। কুসুমপুরা ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৭.৫ কিলোমিটার, রাস্তা গুলো ২, ৪, ৬ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ২, ৪ ও ৯ নং ওয়ার্ডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ৮ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৪, ৫, ৬, ৭ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে প্রায় সব রাস্তাগুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১৭. জিরি ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত । জিরি ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৪ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৪ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ১, ৪ ও ৭ নং ওয়ার্ডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১১ কিলোমিটার, রাস্তা গুলো ২, ৩, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

১৮. দক্ষিণ ভূর্ষি ইউনিয়নে মোট পাকা রাস্তা ৪.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত । দক্ষিণ ভূর্ষি ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩, ৪, ৬ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ৫.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

১৯. ধল ঘাট ইউনিয়নে মোট পাকা রাস্তা ৯ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবিস্থত । ধল ঘাট ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৯ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৪, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ৭ কিলোমিটার, রাস্তা গুলো ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

২০. শোভনদন্ডি ইউনিয়নে মোট পাকা রাস্তা ১১.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবিস্থত । শোভনদন্ডি ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৩ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩ ও ৫ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ৫.৫ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

২১. আশিয়া ইউনিয়নে মোট পাকা রাস্তা ৩.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৫ ও ৬ নং ওয়ার্ডে অবিস্থত । আশিয়া ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ২.৫ কিলোমিটার, রাস্তা গুলো ৫ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১২ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

২২. কাশিয়াইশ ইউনিয়নে মোট পাকা রাস্তা ৭ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডে অবিস্থত । আশিয়া ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ২ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৪, ৫ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ৭.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

চ) সেঁচ ব্যবস্থাঃ

পটিয়া উপজেলায় ফসল উৎপাদনের জন্য নলকুপ ব্যবহার তেমন বেশী দেখা যায় না । গভীর নলকুপ গুলো বেশীর ভাগ ক্ষেত্রে খাবার পানি হিসাবে ব্যবহৃত হয়, বসত বাড়ীর কাজে ব্যবহার হয় এবং কিছু ফসলি জমিতে ব্যবহার হয়। পটিয়া উপজেলায় মোট নলকুপের সংখ্যা প্রায় ৪৮৭৬০ টি , এর মধ্যে গভীর নলকুপের সংখ্যা ২৪৩ টি, অগভীর নলকুপ ৪৮৭৬০ টি, হস্তচালিত নলকূপের সংখ্যা ৪২ টি । নিম্নে নলকুপের বিবরণ প্রদান করা হল।

ক্র.নং	সেঁচের উৎস	সংখ্যা	সেঁচের আওতাভূক্ত জমির পরিমান	বন্যার সময় ক্ষতিগ্রস্থ জমির পরিমান	বন্যা পরবর্তী অবস্থা
১	গভীর নলকুপ	২৪৩ টি	প্রায় ২৭৫৯০ একর	প্রায় ৩৮১৯০ একর ফসলী জমির ফসল নষ্ট হয়	সরকারী সাহায্য সহযোগীতা পেলে বন্যা পরবর্তী দুরবস্থা থেকে উত্তরণ পাওয়া সহজ হবে।
২	অগভীর নলকুপ	৭৮৭৬০ টি	নাই	-	-
৩	হস্তচালিত নলকুপ	৪২ টি	প্রায় ৪৮৯০ একর	-	-
৪	স্যালো চালিত নলকুপ	নেই	-	-	-

ছ) হাট-বাজারঃ

পটিয়া উপজেলায় ২২টি ইউনিয়নে মোট হাট এবং বাজারের সংখ্যা ৩৩ টি। মাঠ পর্যায়ে পাওয়া তথ্যমতে সপ্তাহে হাট বসে ২ দিন এবং বাজার বসে সপ্তাহে ৭দিন। বাজারে মোট দোকান সংখ্যা প্রায় ২৮১১ টি। নিম্নে ইউনিয়ন ভিত্তিক হাট এবং বাজারের তথ্যাবলী প্রদান করা হলঃ

প্রাপ্ত তথ্যেরে সূত্রঃ অফিস সহকারী, পরিসংখ্যান অফিস, পটিয়া, মোবাইল নং- ০১৯১৪-৭৩৯১৩৬

ক্র. নং	ইউনিয়নের নাম	হাট বাজারের নাম	হাট/বাজার দিন	বাজারের দোকানের সংখ্যা
১	খরনা	হাজী নুরুজাম্মান হাট	সপ্তাহে ২দিন	১০৫টি
২	কচুয়াই	আলীর হাট	সপ্তাহে ২ দিন	১২৬টি
		কমল মুন্সীর হাট	সপ্তাহে ২ দিন	১৫৫
৩	ভাটিখাইন	ভাটিখাইন বাজার	সপ্তাহে ২দিন	৯৬টি
৪	ছনহারা	মুড়ালী বাজার	সপ্তাহে প্রতিদিন	৪৫টি
৫	হাইদগাঁও	শানের হাট	সপ্তাহে ২দিন	২৫টি
		তিলের দিঘীর হাট	সপ্তাহে ২দিন	৭৪টি
৬	কেলিশহর	ভট্টাচার্য হাট	সপ্তাহে ২দিন	১৩০টি
		রমেশ বাবু হাট	সপ্তাহে ২ দিন	৮৫টি
৭	হাবিলাসদ্বীপ	সদর আলী মুন্সীর হাট	সপ্তাহে ২দিন	১৫০টি
৮	কোলাগাঁও	কান্ত ফকির হাট	সপ্তাহে প্রতিদিন	৭৬টি
৯	জঙ্গালখাইন	-	-	-
১০	চরলক্ষা	বোড বাজার	প্রতিদিন	৪০৫টি
		আবুল বাজার	প্রতিদিন	১১০টি
১১	চরপাথর ঘাটা	তোতার বাপের হাট	প্রতিদিন	৫৩টি
১২	শিকলবাহা	মাষ্টার হাট	সপ্তাহে ২দিন	৫৫টি
		কলেজ বাজার	সপ্তাহে ২দিন	৩৫টি
		করাছিল বাজার	সপ্তাহে ২দিন	৪০টি
১৩	বড়লিয়া	মৌলভী হাট	সপ্তাহে ২দিন	৬০টি
		বুধগুরা বাজার	সপ্তাহে ২দিন	১৪০টি
১৪	বড়উঠান	ফকির হাট	সপ্তাহে ২দিন	৩০ টি
		জামিল হাট	সপ্তাহে ২দিন	২০০ টি
		মিয়ার হাট	সপ্তাহে ২দিন	১৫০ টি
১৫	জুলধা	জুলধা গোড়া বাজার	সপ্তাহে ২দিন	১৫৪ টি
		জুলধা জামতলা বাজার	সপ্তাহে ২দিন	১০০ টি
১৬	কুসুমপুরা	শান্তির হাট	সপ্তাহে ২দিন	১৭৫ টি
		মনুসারটেক বাজার	সপ্তাহে ২দিন	৬০ টি
১৭	জিরি	মালিয়ারা বাজার	সপ্তাহে ২দিন	১২০ টি
		ফকিরা বাজার	সপ্তাহে ২দিন	৪৫ টি
১৮	দক্ষিণ ভূর্ষি	-		
১৯	ধল ঘাট	গোসাই হাট	সপ্তাহে ২দিন	৬৪ টি
২০	শোভনদন্ডি	মহাজন হাট	সপ্তাহে ২দিন	৬০ টি
২১	আশিয়া	বাংলা বাজার	সপ্তাহে ২দিন	৫৩ টি
২২	কাশিয়াইশ	বুধপুরা হাট	সপ্তাহে ২দিন	৪৫ টি
		কাশিয়াইশ রয়া হাট	সপ্তাহে ২দিন	৩৭ টি

১.৪.২ সামাজিক সম্পদ

(ক) ঘর-বাড়িঃ

পটিয়া উপজেলায় ২২টি ইউনিয়নে মোট ঘর-বাড়ীর সংখ্যা ১০১৯৬৮ টি। এর মধ্যে কাঁচা-৫৬৫২৪ টি, পাঁকা-১৩০৫৭ টি এবং আধাপাকা- ৪৩৬৮৫ টি। এখানে সাধারনত ইট, বালি, সিমেন্ট ও রড দিয়ে পাকা ঘর এবং বাঁশ, গাছ, টিন, মাটি, ছন, তার, পেরেক, রশি, বাঁশের বেড়া দিয়ে কাঁচা ঘর-বাড়ী তৈরী করা হয়। এখানে কাচা ঘর-বাড়ী গুলো দূর্যোগ সহনশীল নয়। প্রায় ৪০% খাচা ঘর-বাড়ী বন্যা লেবেলের নীচে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক ঘর-বাড়ীর পরিসংখ্যান দেয়া হলঃ

ক্র. নং	ইউনিয়নের নাম	ঘর বাড়ীর সংখ্যা			সাধারণত কি কি মালামাল দিয়ে ঘর বাড়ী তৈরী হয় বিস্তারিত বিবরণ
		কাঁচা	পাকা	আধা পাকা	
১	খরনা	৩০৯০	৬১০	২০৩৫	কাঁচা ঘর মাটি বা বাঁশের বেড়া, গাছ , উপরে ছন বা টিন , আর পাকা বাড়ী ইট, বালু, সিমেন্ট ও রড দিয়ে তৈরী
২	কচুয়াই	৬২০৯	১০৩০	২৮৬৮	
৩	ভাটিখাইন	১৬২৪	২৭৬	৭৩০	
৪	ছনহারা	১৭৬০	৪২২	৯৬৩	
৫	হাইদগাঁও	২০৯০	৫২০	১৫১০	
৬	কেলিশহর	২১৮০	৩১৫	১৬৩৫	
৭	হাবিলাসদ্বীপ	২৯৮০	৮৪৭	১৯১৩	
৮	কোলাগাঁও	২৭৬০	৯৪৪	১৪১৯	
৯	জঙ্গালখাইন	১৭২১	৪৩২	৮৯১	
১০	চরলক্ষা	১২৩৮	২১৮	১৭৫৬	
১১	চরপাথর ঘাটা	৩৮৭৮	১০২১	৩৬৯৮	
১২	শিকলবাহা	৩৪৮৭	৯৮০	৪৯৭৮	
১৩	বড়লিয়া	১৪৭৯	৩২৬	৯৮৫	
১৪	বড়উঠান	৩২৯৯	৮৭৯	২৭৫২	
১৫	জুলধা	১৯৮০	৩৬৭	১৭১৩	
১৬	কুসুমপুরা	২৯৫৭	৮৪৪	১৮৫৭	
১৭	জিরি	৩২৯৫	৯২১	৪২১৪	
১৮	দক্ষিণ ভূর্ষি	২১৯০	৪৩৭	১১৯৫	
১৯	ধল ঘাট	১৪৫৫	২১৮	২২৪৮	
২০	শোভনদন্ডি	২৯৮৫	৬৪৮	১৪২৪	
২১	আশিয়া	২৩১৮	৪৭৮	২১১৪	
২২	কাশিয়াইশ	১৫৪৯	৩২৪	৭৮৭	
	মোট	৫৬৫২৪	১৩০৫৭	৪৩৬৮৫	

(ক) পানিঃ

খাবার পানির উৎসগুলির নলকুপ কয়টিঃ

পটিয়া উপজেলায় খাবার পানির উৎসগুলি হলঃ গভীর নলকুপ, অগভীর নলকুপ, মেশিনে উত্তোলিত ও ছড়ার পানি ইত্যাদি। এখানে মোট নলকুপ সংখ্যা প্রায় ৪৮৭৬০ টি । এর মধ্যে গভীর নলকুপ-২৪৩টি, অভীর নলকুপ-৪৮৭৬০ টি ও স্যালো ইঞ্জিন চালিত ৪২ টি ।

নলকুপের সংখ্যা প্রায় ৪৮৭৬০ টি, ভালোর সংখ্যা প্রায় ৪৫৭০০ টি, অকেজোর সংখ্যা প্রায় ৩০৬০ টি, বন্যা লেভেলের উপরে আছে প্রায় ৩১৫০০ টি এখানে প্রায় ৮০% শতাংশ অধিবাসি নলকুপের পানি ব্যবহার করে । এখানে বন্যার সময় খাবার পানির অভাব দেখা দেয় ।

(গ) পয়ঃনিস্কাশন ব্যবস্থাঃ

পটিয়া উপজেলায় ২২ টি ইউনিয়নে মোট পায়খানার সংখ্যা প্রায় ৯৭৫০০ টি। এর মধ্যে পাকা পায়খানা প্রায়-৫৬৭৪২ টি এবং কাঁচা পায়খানা প্রায়-৪৫২২৬ টি। মাঠ পর্যায়ের তথ্য মতে এখানে প্রায় কাঁচা পায়খানাগুলোই বিভিন্ন দূর্যোগের সময়ে ক্ষতিগ্রস্থ হয়ে থাকে।

এখানে স্বাস্থ্য সম্মত পায়খানার সংখ্যা প্রায়-৫৬৭৪২ টি । বন্যা লেভেলের উপরে প্রায়-৪৬১৯০ টি, বন্যার সময় ব্যবহারের উপযোগী থাকে প্রায়-৪৬১৯০ টি, স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করে প্রায় ৯৫% অধিবাসি।

(ঘ) শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার

পটিয়া উপজেলায় ২২ টি ইউনিয়নে মোট শিক্ষা প্রতিষ্ঠান-২৭৪ টি, সরকারী প্রাথমিক বিদ্যালয়- ১৭১ টি, বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়-৪ টি । কলেজ-৭টি, মাদ্রাসা-৪৫টি, উচ্চ বিদ্যালয়-৪৬টি, জুনিয়র উচ্চ বিদ্যালয় ২টি । ইউনিয়ন ভিত্তিক তথ্যাবলী নিম্নে দেয়া হলঃ

শিক্ষা প্রতিষ্ঠান	সরকারী/বেসরকারী/ রেজিষ্টার্ড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	অবস্থান/ ওয়ার্ড	শিক্ষার্থী সংখ্যা	শিক্ষক/ শিক্ষিকা
কলেজ	বেসরকারী	মনসা স্কুল এন্ড কলেজ	কুসুমপুরা	৯৩৪	১৪
কলেজ	বেসরকারী	আয়ুব বিবি সিটি করপোরেশন স্কুল এন্ড কলেজ	চরপাথরঘাটা	৯৭৬	১৩
কলেজ	বেসরকারী	খলিলমীর ডিগ্রি কলেজ	জিরি	১০৮০	১৬
কলেজ	বেসরকারী	ধলঘাট স্কুল এন্ড কলেজ	ধলঘাট	৮৯৪২	১৫
কলেজ	বেসরকারী	এ জে চৌং বহুমুখী কলেজ	শিকলবাহা	৯৩৮	১৩
কলেজ	সরকারী	শোভনদন্ডি সরকারী স্কুল এন্ড কলেজ	শোভনদন্ডি	৮৭৬	১৪
কলেজ	বেসরকারী	হুলাইন সালেনূর ডিগ্রী কলেজ	হাবিলাসদ্বীপ	৯৬০	১৭
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	আশিয়া উচ্চ বিদ্যালয়	আশিয়া	৬২০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	বাথুয়া উচ্চ বিদ্যালয়	আশিয়া	৭৬০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	চক্রশালা কৃষি উচ্চ বিদ্যালয়	কচুয়াই	৬৫০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	আজিমপুর উচ্চ বিদ্যালয়	কচুয়াই	৬৩৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কাশিয়াইশ উচ্চ বিদ্যালয়	কাশিয়াইশ	৭৮৬	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	পিংগলা বুধপুরা উচ্চ বিদ্যালয়	কাশিয়াইশ	৫১০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কুসুমপুরা উচ্চ বিদ্যালয়	কুসুমপুরা	৭৯০	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কেলিশহর উচ্চ বিদ্যালয়	কেলিশহর	৫০০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	রতনপুর উচ্চ বিদ্যালয়	কেলিশহর	৬৬৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	লাখেরা উচ্চ বিদ্যালয়	কোলাগাঁও	৫৮০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মোজাফ্ফরাবাদ বালিকা উচ্চ বিদ্যালয়	খরনা	৬১০	১২
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মোজাফ্ফরাবাদ এন, জে উচ্চ বিদ্যালয়	খরনা	৭৬৫	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ছনহরা ষোরসীবালা উচ্চ বিদ্যালয়	ছনহরা	৫১০	১১

মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ধাউরডেঙ্গা সারদা চরণ উচ্চ বিদ্যালয়	ছনহরা	৬৭০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ইউনিয়ন কৃষি উচ্চ বিদ্যালয়	জঙ্গালখাইন	৮৩০	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	জঙ্গালখাইন উচ্চ বিদ্যালয়	জঙ্গালখাইন	৭৭০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	জিরি খলিলমীর উচ্চ বিদ্যালয়	জিরি	৫৬৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	এস, এ নূর উচ্চ বিদ্যালয়	জিরি	৫৩৪	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মহিরা উচ্চ বিদ্যালয়	জিরি	৫৯০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	দক্ষিণ ভূর্ষি উচ্চ বিদ্যালয়	দক্ষিণ ভূর্ষি	৬৭৫	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কর্তালা বেলখাইন মহাবধী উচ্চ বিদ্যালয়	বরলিয়া	৭৫০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	পশ্চিম বাড়িখাড়া উচ্চ বিদ্যালয়	বরলিয়া	৫৪৪	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	করল বালিকা উচ্চ বিদ্যালয়	ভাটিখাইন	৬৯৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ভাটিখাইন এন, কে, এম উচ্চ বিদ্যালয়	ভাটিখাইন	৭৮৫	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কালারপোল হাজী ওমড়া মিয়া উচ্চ বিদ্যালয়	শিকলবাহা	৭৯০	১১
